

সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৫৮

১/ পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৩০. ঘুম হতে জাগ্রত হওয়ার পর মেসওয়াক করা সম্পর্কে।

باب السِّوَاكِ لِمَنْ قَامَ مِنَ اللَّيْلِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عِيسَى، حَدَّثَنَا هُشَيْمٌ، أَخْبَرَنَا حُصَيْنٌ، عَنْ حَبِيبِ بْنِ أَبِي ثَابِت، عَنْ مُحَمَّدِ بْنِ عَلِيّ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عَبَّاسٍ، عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ عَبْدِ اللَّهِ بْنِ عَبَّاسٍ، قَالَ بِتُ لَيْلَةً عِنْدَ النَّبِيِّ صلى الله عليه وسلم فَلَمَّا اسْتَيْقَظَ مِنْ مَنَامِهِ أَتَى طَهُورَهُ فَأَخَدَ سِوَاكَهُ لَيْلَةً عِنْدَ النَّبِيِّ صلى الله عليه وسلم فَلَمَّا اسْتَيْقَظَ مِنْ مَنَامِهِ أَتَى طَهُورَهُ فَأَخَدَ سِوَاكَهُ فَاسْتَاكَ ثُمَّ تَلاَ هَذِهِ الآيبابِ) حَتَّى قَارَبَ أَنْ يَخْتِم السُّورَةَ أَوْ خَتَمَهَا ثُمَّ تَوَضَّأً فَأَتَى مُصَلاَّهُ فَصَلَّى رَكْعَتَيْنِ ثُمَّ اسْتَيْقَظَ فَفَعَلَ مِثْلَ ذَلِكَ ثُمَّ اسْتَيْقَظَ فَقَعَلَ مَثْلَ أَوْتَرَ . قَالَ أَبُو دَاوُدَ رَوَاهُ ابْنُ فُضَيْلٍ عَنْ حُصَيْنٍ قَالَ فَتَسَوَّكَ وَتَوَضَّاً وَهُو يَقُولُ (إِنَّ فِي خَلْقِ السَّمَوَاتِ وَالأَرْضِ) حَتَّى خَتَى خَتَم السُّورَةَ .

حكم: صحيح (الألباني

বাংলা

৮ে. মুহাম্মাদ ইবনু ঈসা আবদুল্লাহ্ ইবনু আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেছেন, কোন এক রজনী আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট অতিবাহিত করি। তিনি ঘুম হতে উঠে পানির নিকট এসে মেস্ওয়াক নিয়ে দাতন করলেন। অতঃপর তিনি নিম্নোক্ত আয়াত তিনাওয়াত করেনঃ "নিশ্চয়ই আকাশ ও জমীনের সৃষ্টি ও দিবা-রাত্রির পরিক্রমা পরিবর্তনের মধ্যে জ্ঞানী লোকদের জন্য নিদর্শনাবলী রয়েছে।" তিনি উক্ত সূরাটি প্রায় শেষ করেন অথবা সমাপ্তই করেন। অতঃপর উযূ (ওজু/অজু/অযু) করে জায়নামাযে দুই রাকাতে নামায আদায় করেন। পরে তিনি বিছানায় গিয়ে ঘুমিয়ে পড়েন যতক্ষণ আল্লাহ চান। অতঃপর তিনি ঘুম হতে জাগ্রত হয়ে



অনুরূপ কাজ করে পুনরায় বিছানায় গিয়ে ঘুমিয়ে পড়েন। তৃতীয়বারও তিনি ঘুম হতে জাগরিত হয়ে একই কাজ করেন। তিনি প্রত্যেক বারই ঘুম হতে উঠার পর মেস্ওয়াক করে দুই রাকাত নামায আদায় করেন। অতঃপর (শেষবার) তিনি বিতরের নামায আদায় করেন।

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেছেন, ইবনু ফুদায়েল হুসায়েন হতে বর্ণনা করেছেন, তিনি বলেছেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মেস্ওয়াক এবং উযু করাকালে(إِنَّ فِي خَلْقِ السَّمَوَاتِ وَالأَرْضِ) উক্ত সূরার শেষ পর্যন্ত পাঠ করেন। (বুখারী, তিরমিযী, ইবনু মাজাহ, নাসাঈ)।

English

Narrated Ibn 'Abbas:

I spent a night with the Prophet (sal Allaahu alayhi wa sallam). When he woke up from his sleep (in the latter part of the night for prayer) he came to his ablution water. He took the tooth-stick and used it. He then recited the verse: "Verily in the creation of the heavens and the earth and the alternation of the night and the day are tokens (of His Sovereignty) for men of understanding" (iii-190). He recited these verses up to the end of the chapter or he finished the whole chapter. He then performed ablution and came to the place of prayer. He then said two rak'ahs of prayer. He then lay down on the bed and slept as much as Allaah wished. He then got up and did the same. He then lay down and slept. He then got up and did the same. Every time he used the tooth-stick and offered two rak'ah of prayer. He then offered the prayer known as witr.

Abu Dawud said: Fudail on the authority if Husain reported the wording: He then used the tooth-stick and performed ablution while he was reciting the verses: "Verily in the creation of the heaves and the earth..." until he finished the chapter.

Grade: Sahih (Al-Albani)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন